

## Bangladesh Securities and Exchange Commission

নং বিএসইসি/সার্ভেইল্যান্স/২০২০-৯৭৫/৭৯

মে ২২, ২০২২ইং

### আদেশ

বর্তমান বৈশ্বিক প্রেক্ষাপটে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণে, কমিশনের মার্জিন ঋণ প্রদান সংক্রান্ত নির্দেশনা নং বিএসইসি/সার্ভেইল্যান্স/২০২০/৯৭৫/৫১৫ তারিখঃ নভেম্বর ১৫, ২০২১ পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিম্নরূপে সংশোধন করা হলোঃ

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর বিধি ৩৬ মোতাবেক তফসিলে উল্লিখিত মার্জিন ঋণ প্রদান সংক্রান্ত নির্দেশনা নং ৬ (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত, এতদ্বারা তালিকাভুক্ত যেকোনো সিকিউরিটিজ এর প্রাইস-আর্নিংস (পি/ই) রেশিও ৪০ (চল্লিশ) পর্যন্ত মার্জিন ঋণ এর সর্বোচ্চ হার/সীমা ১: ১ অর্থাৎ মক্কেল বা গ্রাহকের তহবিলের ১০০% হিসেবে প্রযোজ্য হবে।

এই আদেশ অনতিবিলম্বে কার্যকর হইবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে

অধ্যাপক/শিবলী রুবাইয়াত-উল-ইসলাম  
চেয়ারম্যান